

২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ০৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.১৪৭.৩৯.০০৩.২৩.৬৫; ১৯.১

বিষয়: ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্য়াপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর আফতাবনগর ও বাড্ডা পাতাল মেট্রোরেল স্টেশনের **Entry-Exit, Fire Exit, Ventilation Duct ও MRT Line-5: Southern Route** এর সাথে সংযোগ করিডোর নির্মান এবং উত্তর বাড্ডা ও নন্দা পাতাল মেট্রোরেল স্টেশনে নতুনভাবে অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলাধীন গুলশান থানার বাড্ডা ও ভাটারা মৌজায় এবং ক্যান্টনমেন্ট থানার জোয়ার সাহারা মৌজায় মোট ২.৬০৬০ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান সংক্রান্ত

সূত্র: ১। ৩৫.০৫.০০০০.১৪৭.৩৯.০০৩.২৩-৬৫; তারিখ: ০৫ অক্টোবর ২০২৩

২। ৩৫.০৫.০০০০.১৪৭.৩৯.০০৩.২৩-৭৮; তারিখ: ১৩ নভেম্বর ২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানান যাচ্ছে যে, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্য়াপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর আফতাবনগর ও বাড্ডা পাতাল মেট্রোরেল স্টেশনের **Entry-Exit, Fire Exit, Ventilation Duct ও MRT Line-5: Southern Route** এর সাথে সংযোগ করিডোর নির্মান এবং উত্তর বাড্ডা ও নন্দা পাতাল মেট্রোরেল স্টেশনে নতুনভাবে অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলাধীন গুলশান থানার বাড্ডা ও ভাটারা মৌজায় এবং ক্যান্টনমেন্ট থানার জোয়ার সাহারা মৌজায় মোট ২.৬০৬০ একর ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদানের জন্য আবেদন করেছেন। প্রত্যাশী সংস্থা অত্র দপ্তরকে মোট ২.৬০৬০ একর জমির তফশিল সরবরাহ করেছেন (বিবেচ্য সংযুক্তি: [তফশিলভুক্ত মোট ২.৬০৬০ একর জমি.pdf](#), সদয় দ্রষ্টব্য)।

রাজউকের Detailed Area Plan (DAP) পর্যালোচনায় দেখা যায় যে, বাড্ডা মৌজায় চাহিতব্য জমির ভূমি ব্যবহার **Urban Residential Zone, Mixed Use Zone (Residential-General Industrial), Proposed Road Network & Transportation & Communication Zone** হিসেবে দেখানো আছে।

সরেজমিনে পরিদর্শনে দেখা যায় যে, প্রত্যাশী সংস্থা কর্তৃক সরবরাহকৃত মৌজাম্যাপ ও প্রত্যাশী সংস্থার প্রতিনিধি কর্তৃক **আফতাবনগর স্টেশন**: আফতাবনগরস্থ স্টেশনের অবকাঠামো নির্মানের জন্য প্রস্তাবকৃত জমির পরিমাণ ১.৫৭৮৩ একর। প্রত্যাশিত সংস্থা কর্তৃক সরবরাহকৃত তথ্য মোতাবেক তফশিল/দাগসূচি অনুযায়ী প্রস্তাবিত জমি গুলশান থানার বাড্ডা মৌজায় মোট ২৭টি বিএস দাগে অবস্থিত। উক্ত জমি সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত স্থান/জমি সমূহের মধ্য কয়েকটি সেমি পাকা একতলা/দ্বিতলা বিশিষ্ট মার্কেট, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক সংলগ্ন কাষ্টমস এ্যাসোসিয়েশনের সীমানা প্রাচীর বেষ্টিত ফাঁকাজমি, কয়েকটি স'মিল, একটি আংশিক ৪তলা ভবন রয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত জমিসমূহ ব্যক্তি মালিকানাধীন। প্রস্তাবিত জমি সমূহ বানিজ্যিক-আবাসিক ভবন সংলগ্ন সামনের উন্মুক্ত স্থান এবং সীমানা প্রাচীর রয়েছে।

**বাড্ডা স্টেশন**: বাড্ডাস্থ স্টেশনের অবকাঠামো নির্মানের জন্য প্রস্তাবকৃত জমির পরিমাণ ০.৭৩৫৯ একর। প্রত্যাশিত সংস্থাকর্তৃক সরবরাহকৃত তথ্য মোতাবেক তফশিল/দাগসূচি অনুযায়ী প্রস্তাবিত জমি গুলশান থানার বাড্ডা মৌজায় মোট ১২টি বি এ স দাগে অবস্থিত। উক্ত জমিসরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত স্থান/জমি সমূহের মধ্য কয়েকটি সেমিপাকা একতলা/দ্বিতলা বিশিষ্ট মার্কেট, সীমানাপ্রাচীর বেষ্টিত ফাঁকাজমি, কয়েকটি, কয়েকটি ২তলা, ৩তলা ও ৪তলা ভবন রয়েছে। সরেজমিনে পরিদর্শনকালে দেখা যায়, প্রস্তাবিত জমিসমূহ ব্যক্তি মালিকানাধীন। প্রস্তাবিত জমিসমূহ বানিজ্যিক-আবাসিক ভবন সংলগ্ন সামনের উন্মুক্ত স্থান এবং ফাকা জমি গুলোতেও সীমানা প্রাচীর রয়েছে।

এছাড়াও প্রস্তাবিত জমিতে মন্দির, গির্জা, স্কুল, কলেজ, মাদ্রাসা ইত্যাদি সহ কোন সামাজিক ও ধর্মীয় প্রতিষ্ঠান নাই।

ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা ম্যাস র্য়াপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১) এর আফতাবনগর ও বাড্ডা পাতাল মেট্রোরেল স্টেশনের **Entry-Exit, Fire Exit, Ventilation Duct ও MRT Line-5: Southern Route** এর সাথে সংযোগ করিডোর নির্মান এবং উত্তর বাড্ডা ও নন্দা পাতাল মেট্রোরেল স্টেশনে নতুনভাবে অধিগ্রহণের জন্য প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ঢাকা জেলাধীন গুলশান থানার বাড্ডা ও ভাটারা মৌজায় এবং ক্যান্টনমেন্ট থানার জোয়ার সাহারা মৌজায় মোট ২.৬০৬০ একর ভূমি বৃহত্তর জনস্বার্থে উক্ত জমি অধিগ্রহণের প্রয়োজন আছে। ফলশ্রুতিতে, নিম্ন-লিখিত শর্তসাপেক্ষে উক্ত জমি অধিগ্রহণে অত্র দপ্তরের কোন আপত্তি নাই।


#### শর্তসমূহঃ

১। চাহিতব্য ভূমিতে DAP প্রস্তাবিত **Urban Residential Zone, Mixed Use Zone (Residential-General Industrial), Proposed Road Network & Transportation & Communication Zone** -এ প্রচলিত আইন অনুসরণ করতে হবে।

- ২। প্রকল্প এলাকায় বিদ্যমান প্রাকৃতিক জলাধার যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- ৩। রাজউক প্রস্তাবিত রাস্তাগুলোর ভবিষ্যৎ সম্প্রসারণ বিবেচনা করে ডিজাইন করতে হবে এবং ক্ষতিগ্রস্ত রাস্তাগুলোর বিকল্প যোগাযোগ নিশ্চিত করতে হবে।
- ৪। **Plantation** এর ব্যবস্থা থাকতে হবে।
- ৫। সংলগ্ন সকল জায়গা সুরক্ষিত রাখতে হবে এবং প্রাকৃতিক সৌন্দর্যপরিবেশ রক্ষার্থে ঐ সমস্ত জায়গা **Beautification** এর ব্যবস্থা নিতে হবে।
- ৬। রিসিডিং সাব-স্টেশনের অভ্যন্তরে পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
- ৭। চলমানরত **Vehicle** গুলো যেন জনসাধারণের চলাচলে কোনভাবে বাধাগ্রস্ত না করে তার জন্য প্রয়োজনীয় **Protective Measure/Physical Barrier/Signaling System** থাকতে হবে।
- ৮। ক্ষতিগ্রস্ত প্লট মালিকদের নিয়মমাপিক ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।
- ৯। **Main Transport System** লিংক করার ক্ষেত্রে সার্ভিস রাস্তার জন্য পর্যাপ্ত জায়গা খালি রাখতে হবে।
- ১০। চতুর্দিকে **Noise Preventive Wall/Barrier** এর ব্যবস্থা থাকতে হবে।
- ১১। অতি বৃষ্টির পানি নিষ্কাশনের জন্য পর্যাপ্ত **Drainage** এর ব্যবস্থা রাখতে হবে।
- ১২। রাজউক ও পরিবেশ অধিদপ্তর কর্তৃক প্রদত্ত সকল শর্তসমূহ অনুসরণ করতে হবে।
- ১৩। এই অনাপত্তি পত্র শুধুমাত্র সরকারি সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবে এবং ইহা মালিকাণা স্বত্ব: নির্ধারণ করে না বিধায় মালিকাণা নিয়ে কোন জটিলতা সৃষ্টি হলে এই অনাপত্তি পত্র বাতিল বলে গণ্য হবে।

#### সংযুক্তিঃ

১. সরেজমিনে প্রাপ্ত ভূমি ব্যবহার প্রতিবেদন।
২. তফশিলভুক্ত মোট ২.৬০৬০ একর জমি।
৩. রিজিওনাল ম্যাপ।



০৪-০১-২০২৪

মো: মাহমুদ হোসেন

সিনিয়র প্ল্যানার

২২৩৩৫১২১৩

mahamud\_planner@yahoo.com


প্রকল্প পরিচালক, ঢাকা ম্যাস র্‌যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট (লাইন-১),।

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০২.৩৩.০০৩.১৭.১/১ (৯)

তারিখ: ২০ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
০৪ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

#### সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক এর দপ্তর, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ২। একান্ত সচিব (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৩। একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
- ৪। উপ-পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপ-পরিচালক এর দপ্তর(ভৌত পরিকল্পনা), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৫। সিনিয়র প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৬। সহকারী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী(সার্ভে), নগর উন্নয়ন অধিদপ্তর;
- ৭। প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ);
- ৮। সহকারী প্ল্যানার, টাউন প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর এবং
- ৯। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, নগর উন্নয়ন অধিদপ্তর।



*Handwritten signature in Bengali script*

০৪-০১-২০২৪

মো: রাসেদুল ইসলাম  
সহকারী প্ল্যানার

সকল সংযুক্তিসমূহ:

- (১) রিজিওনাল ম্যাপ
- (২) সরেজমিন পরিদর্শন প্রতিবেদন
- (৩) তফশিলভুক্ত মোট ২.৬০৬০ একর জমি